# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩
# [২৪ আগষ্ট ২০২১ পর্যন্ত হালনাগাদকৃত]


বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৩, ২০০৩

[৮ম খন্ড-- বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]


**সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪শে ফেব্রুয়ারি ২০০৩

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০২-১০৪/প্রশাসন-১৫--সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা, পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা,২০০৩ প্রণয়ন করিলঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।- [১][(১)] এই বিধিমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

[২][(২) এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ বা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোন আদেশ বা নির্দেশও জারী করিতে পারিবে।]

২। **সংজ্ঞা**।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন);

(খ) "কাস্টডি হিসাব" অর্থ সিকিউরিটি কাস্টডিয়ান কর্তৃক সংরক্ষিত উহার গ্রাহক এর সিকিউরিটি লেনদেন সংক্রান্ত হিসাব;

(গ) "গ্রাহক" অর্থ কোন ব্যক্তি যিনি সিকিউরিটি কাস্টডিয়াল সেবা গ্রহণ করার জন্য এই বিধিমালার অধীন নিবন্ধন সনদ প্রাপ্ত সিকিউরিটি কাস্টডিয়ান এর সহিত চুক্তিবদ্ধ হইয়াছেন;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) "নিবন্ধন সনদ" অর্থ এই বিধিমালার অধীন মঞ্জুরকৃত নিবন্ধন সনদ;

(চ) "পরিদর্শন কর্মকর্তা" অর্থ কমিশন কর্তৃক এই বিধিমালা অনুযায়ী নিযুক্ত পরিদর্শন কর্মকর্তা;

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০২-১০৪/প্রশাসন-১৬ তারিখ, ৯ জানুয়ারি, ২০০৬ এর দ্বারা সন্নিবেশিত হইয়াছে যাহা এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০২-১০৪/প্রশাসন-১৬ তারিখ, ৯ জানুয়ারি, ২০০৬ এর দ্বারা সন্নিবেশিত হইয়াছে যাহা এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(ছ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম;

(জ) "ব্যক্তি" অর্থে নিবন্ধিত যৌথ বিনিয়োগ স্কীম (collective investment scheme) সহ কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, অংশীদারী কারবার বা অন্য কোন শ্রেণীর প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) "সিকিউরিটি (security)" অর্থ Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969)- এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বুঝাইবে;

(ঞ) "সিকিউরিটি কাস্টডিয়ান (security custodian)" অর্থ এই বিধিমালার অধীন সিকিউরিটি কাস্টডিয়াল সেবা প্রদানের জন্য নিবন্ধন সনদ প্রাপ্ত কোন ব্যক্তি;

(ট) "ডিপজিটরি আইন" অর্থ ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সালের ৬নং আইন);

(ঠ) "Ordinance" অর্থ Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত শব্দ, যাহা উপ-বিধি (১) এ সংজ্ঞায়িত হয় নাই উহা, The Contract Act, 1872 (IX of 1872), The Negotiable Instrument Act, 1881 (XXVI of 1881), Trust Act, 1882(II of 1882), The Bankers' Books of Evicence Act, 1891 (XXVII of 1891), The Insurance Act, 1938 (IV of 1938), The Foreign Exchange Regulation Act, 1947 (VII of 1947), The Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), The Banking Company Act, 1991 (XIV of 1991), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭নং আইন) এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) সহ উহাদের অধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

৩। **নিবন্ধন সনদ ব্যতীত সিকিউরিটি কাস্টডিয়াল সেবা প্রদানে বাধা-নিষেধ।-** এই বিধিমালার অধীন মঞ্জুরকৃত নিবন্ধন সনদ ব্যতীত কেহ সিকিউরিটি কাস্টডিয়াল সেবা প্রদান সংক্রান্ত কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

৪। **সিকিউরিটি কাস্টডিয়াল সেবা।-** নিম্নোক্ত সেবাসহ এতদসংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় সেবা সিকিউরিটি কাস্টডিয়াল সেবার অন্তর্ভুক্ত হইবে, যথাঃ-

(১) গ্রাহকের সিকিউরিটি নিরাপদ হেফাজতে রাখা;

(২) সংশ্লিষ্ট সিকিউরিটির বিপরীতে কোন অর্জন, আয়, লাভ (profit) বা দাবী, যাহা গ্রাহকের অনুকূলে প্রাপ্য হইয়াছে উহা, সংগ্রহ, হিসাবভুক্ত ও গ্রাহককে অবহিত করা;

(৩) সিকিউরিটি ইস্যুয়ারের যে কোন ঘোষণা (declaration) বা ইস্যুয়ার সংশ্লিষ্ট প্রকাশিত বা জনসাধারনের জন্য উন্মুক্ত কোন তথ্যাদি, স্টেটমেন্ট (statement) ইত্যাদি সংগ্রহ করা, হিসাবভুক্ত করা এবং সংশ্লিষ্ট গ্রাহককে অবহিত বা প্রদান করা;

(৪) গ্রাহকের সিকিউরিটি ও তহবিলের হিসাব সংরক্ষণ তথা পরিচালনা করা।

৫। **নিবন্ধনের যোগ্যতা।-** কেহ এই বিধিমালার অধীন সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে নিবন্ধিত হইবার যোগ্য হইবে, যদি-

(১) উহা এতদুদ্দেশে প্রতিষ্ঠিত কোন পাবলিক লিমিটেড কোম্পানী, তফসিলী ব্যাংক (scheduled bank), অর্থিক প্রতিষ্ঠান (financial institution) বা সংবিধিবদ্ধ সংস্থা হয়;

(২) সিকিউরিটি কাষ্টডিয়াল সেবা প্রদানের জন্য উহার প্রয়োজনীয় দাপ্তরিক স্থান,নিরাপদ ভল্ট (safety vault), কম্পিউটার সিস্টেম, দক্ষ জনবল ও আনুষঙ্গিক অন্যান্য সুবিধা থাকে;

(৩) উল্লিখিত কার্যক্রম পরিচালনার জন্য উহার প্রয়োজনীয় ম্যানুয়াল (manual) থাকে যাহাতে সিকিউরিটি কাস্টডিয়াল সেবা কিভাবে পরিচালনা করা হইবে উহার বিস্তারিত বর্ণনা থাকে;

(৪) সিকিউরিটি কাস্টডিয়াল সেবা স্বতন্ত্রভাবে পরিচালনার জন্য উহার প্রয়োজনীয় অবকাঠামো ও জনবল থাকে;

(৫) উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য বা সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সিকিউরিটি আইন ভংগ করার কোন অভিযোগ প্রাথমিক তদন্তের ভিত্তিতে তৈরীকৃত কোন প্রতিবেদনে না থাকে;

(৬) উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য ঋণ খেলাপী না হয়;

(৭) উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য, প্রধান নির্বাহী কর্মকর্তা বা সংশ্লিষ্ট কর্মকর্তা কোন ফৌজদারী অথবা অর্থনৈতিক অপরাধে শাস্তি না পাইয়া থাকেন।

৬। **নিবন্ধনের জন্য আবেদন**।- (১) কেহ সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে উহাকে **ফরম-ক** তে কমিশনের নিকট আবেদন করিতে হইবে।

(২) এই বিধিমালা জারির পূর্বে কেহ সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে কমিশনের স্বীকৃতির ভিত্তিতে কর্মরত থাকিলে উহাকে এই বিধিমালা জারি হইবার এক মাসের মধ্যে কমিশনের নিকট আবেদন করিতে হইবে এবং আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, কিংবা পরবর্তী কোন নির্দেশ না দেওয়া পর্যন্ত, উহা সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে এই বিধিমালার অধীন কর্মরত থাকিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন বরাবরে আবেদন করা হইলে কমিশন যুক্তিসংগত কারণে উক্ত নির্ধারিত সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৩) তফসিল-**১** এ উল্লিখিত আবেদন ফি (অফেরৎযোগ্য) সহ আবেদনের সহিত উক্ত ফরমে উল্লিখিত দলিলপত্র ও তথ্য সংযুক্ত করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে কর্মরত কোন প্রতিষ্ঠান উল্লিখিত সময়ের মধ্যে নিবন্ধনের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে উহা সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে অতঃপর কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না; এবং সেই ক্ষেত্রে উহা সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে উহার নিকট রক্ষিত সিকিউরিটি, হিসাব, দলিলপত্র ইত্যাদি কমিশনের নির্দেশ অনুযায়ী হস্তান্তর করিতে অথবা নির্দেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণে বাধ্য থাকিবে।

**৭**। **নিবন্ধীকরণ**।-(১) নিবন্ধীকরণের জন্য কোন আবেদন প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনটি এই বিধিমালার অধীন মঞ্জুরযোগ্য তাহা হইলে উহা প্রাপ্তির ত্রিশ কার্য দিবসের মধ্যে কমিশন, তফসিল-**১** এ উল্লিখিত নিবন্ধন ফি প্রাপ্তি সাপেক্ষে, উহা মঞ্জুর করিবে এবং **ফরম-খ** তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

(২) নিবন্ধীকরণের কোন আবেদন বিবেচনার জন্য যদি আরও অধিক তথ্য প্রয়োজন হয় তাহা হইলে, উক্ত আবেদন প্রাপ্তির পনের কার্যদিবসের মধ্যে, কমিশন সংশ্লিষ্ট তথ্য তলব করিতে পারিবে এবং তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত তথ্য প্রাপ্তির পর আবেদনটি গ্রহণযোগ্য বিবেচিত হইলে কমিশন উহা মঞ্জুর করিবে এবং **ফরম-খ** তে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৩) নিবন্ধীকরণের কোন আবেদন বিবেচনার পর কমিশন যদি এই মর্মে সিদ্ধান্তে উপনীত হয় যে, আবেদনটি এই বিধিমালার অধীন মঞ্জুর করার যোগ্য নহে, বা উহা মঞ্জুর করা পুঁজিবাজার তথা জনস্বার্থের সহায়ক হইবে না, তাহা হইলে লিখিতভাবে উক্ত কারণ উল্লেখ করিয়া আবেদন প্রাপ্তির, বা উপ-বিধি (২) এর অধীন অধিক তথ্য প্রাপ্তির, ত্রিশ কার্যদিবসের মধ্যে কমিশন, আবেদনটি নামঞ্জুর করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান না করিয়া উপ-বিধি (৩) এর অধীন কোন আবেদন নামঞ্জুর করা যাইবে না।

(৪) কমিশন কর্তৃক প্রদত্ত কোন নিবন্ধন সনদ ইস্যুর তারিখ হইতে পরবর্তী পাঁচ বছর পর্যন্ত কার্যকর থাকিবে।

(৫) সিকিউরিটি কাস্টডিয়ান কর্তৃক কমিশনের নিকট সরবরাহকৃত তথ্যে পরবর্তীকালে কোন পরিবর্তন হইলে তৎসম্পর্কে কমিশনকে অবিলম্বে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৬) তফসিল-১ এ উল্লিখিত নবায়ন ফি সহ সনদের মেয়াদ শেষ হইবার এক মাস পূর্বেই কমিশনের নিকট আবেদন করা হইলে কমিশন কোন নিবন্ধন সনদ পরবর্তী পাঁচ বছরের জন্য নবায়ন করিতে পারিবে।

৮। **ফি (fee)**।- (১) আবেদন, নিবন্ধন, নবায়ন ইত্যাদির জন্য তফসিল-১ এ উল্লিখিত ফি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর বরাবরে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা করিতে হইবে।

(২) তফসিল-১ এ উল্লিখিত বার্ষিক ফি প্রতি বছরের ৩১শে ডিসেম্বর এর মধ্যে জমা করিতে হইবে।

(৩) নিবন্ধন সনদ নবায়নের ফি সহ আবেদন দাখিল এবং বার্ষিক ফি জমা দানে বিলম্বের ক্ষেত্রে বিলম্বিত প্রতি দিনের জন্য তফসিল-১ এ উল্লিখিত জরিমানা, নবায়নের ক্ষেত্রে আবেদন সহ বিদ্যমান মেয়াদের মধ্যে, কমিশনে জমা দিতে হইবে।

৯। **আচরণবিধি (codes of conduct)**।- সিকিউরিটি কাস্টডিয়ান কর্তৃক তফসিল-২ এ বর্ণিত আচরণবিধি মানিয়া চলিতে হইবে।

১০। **অভ্যন্তরীণ নিরীক্ষা (internal audit) এবং মূল্যায়ন (evaluation)** ।- (১) সিকিউরিটি কাস্টডিয়ান এর এমন অভ্যন্তরীণ নিরীক্ষা এবং মূল্যায়ন ব্যবস্থা থাকিবে যাহার মাধ্যমে, অন্যান্যের মধ্যেঃ

(ক) সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে নিরাপদ ও উপযুক্ত সেবা প্রদান সকল সময় নিশ্চিত করা যায়;

(খ) কাস্টডিতে রাখা সকল সম্পদ, সংশ্লিষ্ট রেকর্ড, দলিল পত্র ইত্যাদি নিরাপদ থাকে এবং উহাতে যেন অবৈধভাবে কোন পরিবর্তন করা না যায়;

(গ) প্রত্যেক গ্রাহক তাহার আইনগতভাবে প্রাপ্য সুবিধাদি যেমন, লভ্যাংশ, বোনাস শেয়ার, রাইট শেয়ার, সুদ, আসল ইত্যাদি সঠিক সময়ে সঠিকভাবে পায়; এবং

(ঘ) গ্রাহকের সম্পদ এবং সংশ্লিষ্ট রেকর্ড, দলিল পত্র ইত্যাদি হারানো, চুরি বা প্রাকৃতিক দুর্যোগ হইতে সকল সময় সম্পূর্ণ নিরাপদ থাকে।

(২) সিকিউরিটি কাস্টডিয়ান উহার অভ্যন্তরীণ নিরীক্ষা এবং মূল্যায়ন ব্যবস্থা প্রতি বৎসর কোন বহিরাগত স্বতন্ত্র (independent) নিরীক্ষক দ্বারা পরীক্ষা করাইবে এবং উহার প্রতিবেদনের একটি অনুলিপি অবিলম্বে কমিশনে জমা দিবেঃ

তবে শর্ত থাকে যে, সিকিউরিটি কাস্টডিয়ান কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইলে সেই ক্ষেত্রে উহার বার্ষিক নিরীক্ষিত প্রতিবেদনে এতদসংক্রান্ত একটি পৃথক নিরীক্ষা বিবরণী এবং প্রতিবেদন সংযুক্ত থাকিলে চলিবেঃ

আরও শর্ত থাকে যে, কমিশন প্রয়োজন মনে করিলে, এতদসংক্রান্ত বিষয়াদি কাস্টডিয়ানের খরচে কোন বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা করানোর জন্য নির্দেশ দিতে পারিবে এবং সেই ক্ষেত্রে সিকিউরিটি কাস্টডিয়ান তদানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণে বাধ্য থাকিবে।

১১। **কার্য হস্তান্তরে (delegation) নিষেধাজ্ঞা**।- কমিশন কর্তৃক নির্দেশিত না হইলে সিকিউরিটি কাস্টডিয়ান উহার কোন কার্য অন্য কাহারো নিকট হস্তান্তর বা অর্পণ করিতে পারিবে না।

[1][১২। **পৃথক কাস্টডি (custody) হিসাব**।- সিকিউরিটি কাস্টডিয়ান উহার প্রত্যেক গ্রাহকের জন্য পৃথক কাস্টডি হিসাব ও সুবিধাভোগী মালিক হিসাব (beneficial owner account) সংরক্ষণ করিবে এবং এক গ্রাহকের সম্পদ অন্য গ্রাহকের কিংবা সিকিউরিটি কাস্টডিয়ান এর নিজস্ব সম্পদের সহিত মিলিত করিবে না।]

১৩। **গ্রাহকের সহিত চুক্তি** ।- সিকিউরিটি কাস্টডিয়ান উহার প্রত্যেক গ্রাহকের সহিত পৃথক চুক্তিতে আবদ্ধ হইবে যাহাতে, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-

(ক) গ্রাহকের খাতে প্রতিটি লেনদেনের ক্ষেত্রে উহার সুবিধাভোগী মালিক (beneficial owner) কে হইবে তাহা প্রতি লেনদেনের বেলায় উল্লেখ করিতে হইবে;

(খ) যে পরিস্থিতিতে এবং যেভাবে সিকিউরিটি কাস্টডিয়ান উহার গ্রাহকের পক্ষে সিকিউরিটি গ্রহণ এবং সিকিউরিটি অর্পণ বা হস্তান্তর করিতে পারিবে;

(গ) যে পরিস্থিতিতে এবং যেভাবে সিকিউরিটি কাস্টডিয়ান উহার গ্রাহকের পক্ষে লভ্যাংশ, সুদ, আসল বা অন্যান্য প্রাপ্য (receivable) গ্রহণ করিতে পারিবে;

(ঘ) যে পরিস্থিতিতে এবং যেভাবে সিকিউরিটির মালিকানা পরিবর্তন করা যাইবে; এবং

(ঙ) গ্রাহকের সম্পদের বীমার (যদি করিতে হয়) পূর্ণ বিবরণ।

১৪। **তথ্য, দলিলপত্র, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ**।- (১) বলবৎ অন্য কোন আইনের কার্যকারিতাকে ক্ষুণ্ন না করিয়া সিকিউরিটি কাস্টডিয়ান, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত তথ্য, দলিলপত্র, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ করিবে, যথা ঃ-

(ক) প্রত্যেক গ্রাহকের হালনাগাদ পূর্ণ (complete) ও নির্ভুল (authentic) তথ্যাদি সহ গ্রাহকের পরিচিতি নিশ্চিতকরণ সংক্রান্ত দলিলাদি;

(খ) প্রত্যেক গ্রাহকের পক্ষে যে সকল সিকিউরিটি গ্রহণ এবং অর্পণ বা হস্তান্তর করা হইয়াছে উহার পূর্ণ বিবরণ;

(গ) প্রত্যেক গ্রাহকের হিসাবে তাহার যে প্রাপ্য (receivable) যোগ হইয়াছে উহার পূর্ণ বিবরণ;

(ঘ) প্রত্যেক গ্রাহকের নামে যে সিকিউরিটি লিপিবদ্ধ করা হইয়াছে উহার পূর্ণ বিবরণ;

(ঙ) প্রত্যেক গ্রাহকের নামে যে পরিমাণ বৈদেশিক মুদ্রা আসিয়াছে এবং যে পরিমাণ বৈদেশিক মুদ্রা বিদেশে প্রেরণ করা হইয়াছে উহার পূর্ণ বিবরণ;

[2][(চ) প্রত্যেক গ্রাহকের নামে লেজার হিসাব (ledger account) ও সুবিধাভোগী মালিক হিসাব (beneficial owner account);]

(ছ) যে সমস্ত রিপোর্ট কমিশনে জমা দেওয়া হইয়াছে উহার অনুলিপি; এবং

(জ) কমিশন কর্তৃক নির্দেশিত অন্য যে কোন তথ্য, দলিলপত্র, রেকর্ড ইত্যাদি।

(২) কমিশন চাহিলে, উপ-বিধি(১) এ বর্ণিত তথ্য, দলিলপত্র, রেকর্ড ইত্যাদি কোথায় সংরক্ষণ করা হইতেছে বা হইবে উহা সিকিউরিটি কাস্টডিয়ান কমিশনকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) উপ-বিধি(১) এ বর্ণিত তথ্য, দলিলপত্র, রেকর্ড, ইত্যাদি কমপক্ষে ৭(সাত) বৎসর সংরক্ষণ করিতে হইবে।

১৫। **কমিশনকে তথ্য সরবরাহ**।- (১) সিকিউরিটি কাস্টডিয়ান প্রতিমাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রত্যেক গ্রাহকের হিসাবে পূর্ববর্তী মাসে যে সকল সিকিউরিটি গ্রহণ, অর্পণ বা হস্তান্তর করা হইয়াছে উহার বিস্তারিত বিবরণসহ সর্বশেষ স্থিতি এবং প্রত্যেক গ্রাহকের হিসাবে কন্ট্রাক্ট নোট (contract note) ভিত্তিক সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা অন্য কোন প্রকারের লেনদেন (debit-credit) ও হস্তান্তর সংক্রান্ত বৈদেশিক মুদ্রা দেশে আসিলে বা বিদেশে পাঠানো হইলে উহার বিবরণ কমিশনকে সরবরাহ করিবে।

---

[1] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৯/প্রশাসন-০১/৩২, তারিখ ১৬ই জুন ২০০৮ এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা ২০শে জুলাই ২০০৮ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[2] প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৯/প্রশাসন-০১/৩২, তারিখ ১৬ই জুন ২০০৮ এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা ২০শে জুলাই ২০০৮ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত তথ্য ছাড়াও কমিশন সময় সময় যে তথ্য চাহিবে উহাও কমিশনের চাহিদা অনুযায়ী সিকিউরিটি কাস্টডিয়ান সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

১৬। **পরিদর্শন**।- (১) কমিশন নিজ উদ্যোগে বা কোন অভিযোগের ভিত্তিতে এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে সিকিউরিটি কাস্টডিয়ান এর নথি, দলিলপত্র, রেকর্ড ইত্যাদি পরীক্ষার জন্য পরিদর্শন কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত পরীক্ষার জন্য কমিশন সিকিউরিটি কাস্টডিয়ানকে সাত দিন পূর্বে নোটিশ (notice) দিয়া পরিদর্শনের বিষয়টি জানাইবে। তবে জরুরী বিবেচিত হইলে কোন নোটিশ ছাড়াই পরিদর্শন করানো যাইবে।

(৩) পরিদর্শনের ক্ষেত্রে সিকিউরিটি কাস্টডিয়ান এর প্রত্যেক পরিচালক ও কর্মকর্তা পরিদর্শন কর্মকর্তার চাহিদা মাফিক সকল দলিলপত্র, নথি, রেকর্ড, তথ্য ইত্যাদি সরবরাহ করিতে এবং এই ব্যাপারে পরিদর্শন কর্মকর্তাকে সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবেন।

(৪) পরিদর্শন কর্মকর্তা প্রয়োজনে সিকিউরিটি কাস্টডিয়ান এর কোন পরিচালক বা কর্মকর্তার লিখিত বা মৌখিক বক্তব্য গ্রহণ করিতে পারিবে এবং সেই ক্ষেত্রে সিকিউরিটি কাস্টডিয়ান এর সংশ্লিষ্ট পরিচালক বা কর্মকর্তা নিজ স্বাক্ষরযুক্ত লিখিত বা মৌখিক বক্তব্য দিতে বাধ্য থাকিবেন।

১৭। **পরিদর্শন প্রতিবেদন কমিশনে দাখিল**।- (১) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন শেষে যথাশীঘ্র সম্ভব, কিংবা কমিশনের নির্দেশ মোতাবেক, পরিদর্শন প্রতিবেদন কমিশনে দাখিল করিবেন। তবে কমিশন আদেশ দিলে পূর্ণ প্রতিবেদন দাখিলের পূর্বে প্রাথমিক প্রতিবেদন কমিশনে দাখিল করা যাইবে।

(২) কমিশন প্রয়োজন মনে করিলে পূর্ণ পরিদর্শন প্রতিবেদন বা উহার অংশবিশেষ সিকিউরিটি কাস্টডিয়ান এর নিকট প্রেরন করিতে পারিবে এবং তদানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিকিউরিটি কাস্টডিয়ানকে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোন নির্দেশ প্রাপ্ত হইলে তদানুযায়ী সিকিউরিটি কাস্টডিয়ান যথাযথ ব্যবস্থা গ্রহণে বাধ্য থাকিবে।

১৮। **নিবন্ধন সনদ স্থগিতকরণ**।-(১) নিম্নলিখিত কারণে কমিশন সিকিউরিটি কাস্টডিয়ান এর নিবন্ধন সনদ স্থগিত করিতে পারিবে, যথাঃ-

(ক) এই বিধিমালার কোন শর্ত বা আচরণ বিধি ভঙ্গ করা হইলে;

(খ) কমিশনের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহে ব্যর্থ হইলে;

(গ) কমিশনকে ইচ্ছাকৃতভাবে (deliberately) কোন অসত্য তথ্য, দলিল বা রেকর্ড সরবরাহ করিলে;

(ঘ) এই বিধিমালা অনুযায়ী কোন প্রতিবেদন বা তথ্য দাখিলে ব্যর্থ হইলে;

(ঙ) পরিদর্শন কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;

(চ) কমিশন প্রদত্ত নির্দেশ অনুযায়ী কাস্টডিয়ানের পরিচালন পদ্ধতি (operating procedure) উন্নীত করিতে ব্যর্থ হইলে;

(ছ) গ্রাহকের যুক্তিসঙ্গত অভিযোগ সমাধানে ব্যর্থ হইলে; এবং

(জ) বার্ষিক ফি, কিংবা প্রযোজ্য ক্ষেত্রে সনদ নবায়নের আবেদন ও ফি, জমা দিতে ব্যর্থ হইলে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কারণে কমিশন, উপযুক্ত বিবেচনা করিলে, নিবন্ধন সনদ স্থগিত না করিয়া, প্রযোজ্য ক্ষেত্রে, অর্থদন্ড আরোপ করিতে পারিবে।

(৩) কারণ দর্শানো (show cause) সহ যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ না দিয়া এই বিধির অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

১৯। **নিবন্ধন সনদ বাতিলকরণ।- (১)** নিবন্ধনের জন্য প্রযোজ্য কোন যোগ্যতা হারাইলে সিকিউরিটি কাস্টডিয়ান এর নিবন্ধন সনদ তাৎক্ষণিকভাবে অকার্যকর বলিয়া গণ্য হইবে।

(২) ইহা ছাড়া নিম্নলিখিত কারণে কমিশন সিকিউরিটি কাস্টডিয়ান এর নিবন্ধন সনদ বাতিল করিতে পারিবে, যথাঃ-

(ক) বিধি ১৮ এর উপ-বিধি(১) এ উল্লিখিত লঙ্ঘন একাধিকবার ঘটিলে;

(খ) সিকিউরিটি কাস্টডিয়ান কোন প্রতারণা (fraud) অথবা নৈতিক স্খলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হইলে;

(গ) সিকিউরিটি কাস্টডিয়ান কর্তৃক কমিশনের নিকট সরবরাহকৃত কোন দলিলপত্র বা তথ্যে নিবন্ধন সনদ মঞ্জুর করার পর কোন গুরুত্বপূর্ণ বিষয় অশুদ্ধ বা বিভ্রান্তিকর বলিয়া সাব্যস্ত হইলেঃ

তবে শর্ত থাকে যে, কারণ দর্শানো (show cause) সহ যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ না দিয়া উপ-বিধি (২) এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

[১][**১৯ক**। **অর্থদন্ড**।- বিধি ১৮ ও ১৯ এর বিধান ক্ষুন্ন না করিয়া কমিশন অভিযুক্ত ব্যক্তিকে আইনের অধীনে অর্থদন্ডে দন্ডিত করিতে পারিবে।]

২০। **আপীল (appeal)।-** এই বিধিমালার অধীন কমিশন প্রদত্ত কোন সিদ্ধান্তের বিরুদ্ধে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ মোতাবেক কমিশনে আপীল করিতে পারিবেন, এবং সেই ক্ষেত্রে উক্ত প্রবিধানমালা অনুযায়ী আপীলটি নিস্পত্তি করা হইবে।

[২][২১। **কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।]

---

[১] প্রজ্ঞাপন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০২-১০৪/প্রশাসন-১৬ তারিখ, ৯ জানুয়ারি, ২০০৬ এর দ্বারা সন্নিবেশিত হইয়াছে যাহা এপ্রিল ৫, ২০০৬ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[২] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা সন্নিবেশিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

**ফরম-ক**
**(বিধি ৬ দ্রষ্টব্য)**

**সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে নিবন্ধন সনদ এর জন্য আবেদন**

**নির্দেশাবলীঃ**

(ক) আবেদনটি পূরণ করিয়া প্রয়োজনীয় সকল দলিলপত্র সহ কমিশনে দাখিল করিতে হইবে।
(খ) আবেদনটি সর্বদিক দিয়া সম্পূর্ণ হইলেই ইহা বিবেচনার যোগ্য হইবে।
(গ) সকল তথ্য টাইপকৃত হইতে হইবে। যে সকল তথ্য অধিকতর বিস্তারিতভাবে সরবরাহ করিতে হইবে সে সকল তথ্য স্বতন্ত্র কাগজে এই ফরমের সহিত সংযুক্ত করিয়া দিতে হইবে।
(ঘ) বিধি ৬এর উপ-বিধি(৩) এ উল্লিখিত ব্যাংক পে-অর্ডার/ড্রাফট আবেদনের সহিত দাখিল করিতে হইবে।
(ঙ) ফরমের প্রত্যেক পৃষ্ঠা এবং তৎসংযুক্ত সকল কাগজের প্রত্যেক পৃষ্ঠা আবেদনকারীর মুখ্য নির্বাহী (chief executive) কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।
(চ) যিনি এই আবেদনপত্র স্বাক্ষর করিবেন তাহার কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থার পক্ষে আবেদনপত্র স্বাক্ষর করার জন্য প্রদত্ত ক্ষমতাপত্র (পরিচালকমন্ডলী কর্তৃক) আবেদনপত্রের সহিত জমা দিতে হইবে।

---

**১। আবেদনকারীর ঃ**

(ক) নাম-
(খ) রেজিস্টার্ড অফিস-
(গ) বিদেশী হইলে বাংলাদেশে প্রধান কার্যালয়ের ঠিকানা-
(ঘ) টেলিফোন নম্বর-
(ঙ) টেলেক্স নম্বর-
(চ) ফ্যাক্স নম্বর-
(ছ) ই-মেইল-

**২। আবেদনকারী নিম্মোক্ত কোন শ্রেণীভুক্ত ঃ**

(ক) এতদুদ্দেশ্যে প্রতিষ্ঠিত পাবলিক লিমিটেড কোম্পানী
(খ) দেশী ব্যাংক-
(গ) বিদেশী ব্যাংক-
(ঘ) আর্থিক প্রতিষ্ঠান-
(ঙ) অন্যান্য-

**৩। আবেদনকারীরঃ**

(ক) কোম্পানী আইন অথবা বিদেশী সমপর্যায়ের আইনের অধীন নিবন্ধীকরণের তারিখ (সত্যায়িত নিবন্ধন সনদ, সংঘস্মারক এবং সংঘবিধি সংযুক্ত করিতে হইবে)-
(খ) মূলধন
  (১) অনুমোদিত -
  (২) ইস্যুকৃত -
  (৩) পরিশোধিত

(গ) সংবিধিবদ্ধ সংস্থা হইলে আইনের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

(ঘ) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইলে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত সনদের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করিতে হইবে।

৪। আবেদনকারীর প্রত্যেক উদ্যোক্তা/পরিচালকের নাম-ঠিকানা সহ কাস্টডিয়ান হিসাবে সনদ গ্রহণের জন্য বোর্ড সিদ্ধান্তের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

৫। আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন রেগুলেটরী কর্তৃপক্ষের (regulatory authority) সহিত নিবন্ধিত হইলে, নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপিসহ কোন রেগুলেটরী কর্তৃপক্ষের সহিত নিবন্ধিত উহার নাম ও ঠিকানা (একাধিক হইলে সবগুলি দিতে হইবে)।

৬। আবেদনকারী কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইলে উক্ত স্টক এক্সচেঞ্জের নাম, ঠিকানা এবং তালিকাভুক্তির তারিখ (একাধিক হইলে সবগুলি দিতে হইবে)।

৭। বাংলাদেশে বা বিদেশে আবেদনকারী যে ব্যবসা পরিচালনা করে তার সংক্ষিপ্ত বর্ণনা।

৮। আবেদনকারী আবেদন করার পূর্ব হইতেই বাংলাদেশে সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে কার্যরত থাকিলে কবে হইতে কাস্টডিয়ান হিসাবে কর্মরত তাহার বিবরণসহ বর্তমান গ্রাহকদের সংখ্যা এবং শ্রেণী বিভাগ, উহার কাস্টডিতে থাকা সিকিউরিটির পরিমাণ ও আনুমানিক মূল্য (বর্তমান বাজার দরে) এবং সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবে তহবিলের স্থিতি।

৯। আবেদনকারী বিদেশে কোথাও সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে কর্মরত থাকিলে তাহার বিবরণ।

১০। আবেদনকারীর অবকাঠামোর বর্ণনাঃ

(ক) কাস্টডি সেবার জন্য নির্ধারিত স্থানের বিবরণ-

(খ) নিরাপদ ভল্টের বিবরণ-

(গ) কাস্টডির সম্পদ দুর্যোগ হইতে রক্ষার বিবরণ-

(ঘ) ঝুঁকি ব্যবস্থাপনার বিবরণ-

(ঙ) আনুষঙ্গিক সুবিধাদির বিবরণ-

(চ) অন্যান্য-

১১। কাস্টডি সেবায় নিয়োজিত (অথবা প্রস্তাবিত) জনবল এবং তাহাদের যোগ্যতার বর্ণনাসহ কাস্টডিয়াল সেবা বিভাগের দায়িত্বে নিয়োজিত মুখ্য কর্মকর্তার বিস্তারিত তথ্যাদি।

১২। কম্পিউটার সিস্টেম বিকল হইলে কিভাবে পরিস্থিতির সামাল দেওয়া হইবে তাহার বর্ণনা।

## ঘোষণা

এতদ্বারা ঘোষণা করিতেছি যে, এই আবেদনে সরবরাহকৃত তথ্যাদি, সংযুক্ত দলিলাদি এবং অতিরিক্ত কাগজে উল্লিখিত তথ্য ও বর্ণনা সম্পূর্ণ সত্য;

এবং আরও ঘোষণা করিতেছি যে, উক্ত তথ্যাদির কোন পরিবর্তন হইলে আমরা তাৎক্ষণিকভাবে উহা কমিশনকে লিখিতভাবে অবহিত করিব;

এবং আরও ঘোষণা করিতেছি যে, আমাদের কোন পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কাস্টডি সেবায় নিযুক্ত (বা প্রস্তাবিত) কর্মকর্তার বিরুদ্ধে সিকিউরিটি আইন ভঙ্গ করার কোন অভিযোগ নাই বা তাহারা কোন ফৌজদারী বা অর্থনৈতিক অপরাধে শাস্তি পায় নাই বা পরিচালকমন্ডলীর কোন সদস্য ঋণ খেলাপী নয়;

এবং আমরা আরও ঘোষণা করিতেছি যে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এবং সিকিউরিটিজ সংক্রান্ত আইনসমূহ সহ কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত বা প্রদত্ত নীতিমালা, আদেশ এবং নির্দেশাবলী আমরা মানিয়া চলিব।

–––––––––––––––এর পক্ষে

তারিখ ------------------------

স্বাক্ষর-------------------------

নাম---------------------------

পদবী-------------------------

(সীল)

**ফরম-খ**
**(বিধি ৭ দ্রষ্টব্য)**

**সিকিউরিটি কাস্টডিয়ান এর নিবন্ধন সনদ**

নিবন্ধন সনদ নম্বর : .....................................
তারিখ : .....................................

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ১০, উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর বিধি ৭ সহ পঠিত, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা ................................................ (সিকিউরিটি কাস্টডিয়ান এর নাম) কে উক্ত বিধিমালার অধীন সিকিউরিটি কাস্টডিয়ান হিসাবে কার্যক্রম পরিচালনার জন্য এই নিবন্ধন সনদ প্রদান করিল।

এই সনদের মেয়াদ, নবায়ন করা না হইলে, ................................তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

তারিখ...............................

স্বাক্ষর......................................
নাম..........................................
পদবী.......................................
(সীল)

[1] [**তফসিল-১**
**(বিধি ৬, ৭ ও ৮ দ্রষ্টব্য)**

ফি (fee)ঃ

| | | |
|---|---|---|
| ১। নিবন্ধন সনদের জন্য আবেদন ফি | - | ৫০,০০০ (পঞ্চাশ) হাজার টাকা। |
| ২। নিবন্ধন ফি | - | ৫,০০,০০০ (পাঁচ) লক্ষ টাকা। |
| ৩। বার্ষিক ফি/নবায়ন ফি | - | ১,০০,০০০ (এক) লক্ষ টাকা। |
| ৪। নিবন্ধন সনদ নবায়ন/বার্ষিক ফি জমাদানে বিলম্বের ক্ষেত্রে জরিমানা (প্রতি দিনের জন্য) | - | ১০,০০০ (দশ) হাজার টাকা। |

[1] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ, ৩০ জুন ২০২১ ইং এর দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগস্ট ২৪, ২০২১ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

তফসিল-২
**(বিধি ৯ দ্রষ্টব্য)**

**আচরণবিধিঃ**

সিকিউরিটি কাস্টডিয়ান-

১। উহার কার্য সম্পাদনে সর্বোচ্চ সতর্কতা, বুদ্ধিমত্তা, ক্ষিপ্রতা, সততা, সুনাম, দক্ষতা ও বিশ্বস্ততা বজায় রাখিবে;

২। উহার গ্রাহকের পক্ষে গৃহীত বা সংগৃহীত লভ্যাংশ, সুদ, আসল অথবা অন্য যে কোন আয় বা প্রাপ্তি যথাশীঘ্র সম্ভব গ্রাহকের মধ্যে বিতরণ বা গ্রাহকের হিসাবে জমা করিবে;

৩। উহার গ্রাহকের সকল হিসাবের (ক্রয়, বিক্রয় ও স্থানান্তর, অর্থের গ্রহণ, পরিশোধ,অর্পণ ইত্যাদি) বিবরণ সংরক্ষণ করিবে এবং গ্রাহক কর্তৃক নির্দেশিত হইলে তাহা অবিলম্বে সরবরাহ করিবে;

৪। উহার গ্রাহক এবং গ্রাহকের সম্পদের সুরক্ষা সহ হিসাবের গোপনীয়তা রক্ষা করিবে;

৫। কম্পিউটারের মাধ্যমে রেকর্ড সংরক্ষণের ক্ষেত্রে ইহা নিশ্চিত করিবে যে, কম্পিউটারে ধারণকৃত তথ্য নষ্ট হইলেও উহা দ্বারা গ্রাহক যেন ক্ষতিগ্রস্ত না হয় এবং সকল তথ্য বিকল্প উপায়ে সহসা পাওয়া যায়;

৬। সিকিউরিটি তথা পুঁজিবাজারের স্বার্থে সকল স্টক এক্সচেঞ্জ, ডিপজিটরি, অন্যান্য কাস্টডিয়ান, ক্লিয়ারিং হাউজ ইত্যাদিকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;

৭। Securities and Exchange Ordinance, 1969, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, ডিপজিটরি আইন, ১৯৯৯ সহ তদাধীন জারীকৃত বিধিমালা, প্রবিধানমালা, আদেশ, নির্দেশ বা শর্তাবলীর পরিপন্থী কোন কার্যক্রম পরিচালনা বা উহাতে সংশ্লিষ্ট থাকিতে পারিবে না।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

**মনির উদ্দিন আহমদ**
চেয়ারম্যান